চুয়াডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা কলামিস্ট আ. শু. বাঙ্গালীর মৃত্যুবার্ষিকী পালন

বাংলাদেশ প্রগতি লেখক সংঘ, চুয়াডাঙ্গা জেলা শাখার সাবেক সভাপতি, বিশিষ্ট কলামিস্ট, লেখক, রাজনীতিবিদ, সংগঠক, বীরমুক্তিযোদ্ধা কমরেড আব্দুস শুকুর বাঙ্গালী (আ. শু. বাঙ্গালী)’র ৩য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০টায় প্রগতি লেখক সংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে ওয়েভ ফাউন্ডেশনের চুয়াডাঙ্গাস্থ ট্রেনিং সেন্টারে এ স্মরণ সভা অনুষ্ঠিত হয়।

সংগঠনের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য কোরবান আলী মন্ডলের সভাপতিত্বে স্মরণসভায় আলোচনা করেন, অধ্যাপক আব্দুল মোহিত, আব্দুল মান্নান ফকির, মকবুল হোসেন, সোহরাব হোসেন, ইদ্রিস আলী মণ্ডল, সাহেদ জামাল ও কাজল মাহমুদ। স্বরচিত লেখা পাঠ করেন, চিত্তরঞ্জন সাহা চিতু, ইদ্রিস আলী মণ্ডল, মুরশীদ আলম, নুরুল আলম বাকু, হুমায়ুন কবীর ও শওকত আলী।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলাদেশ প্রগতি লেখক সংঘের চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক কাজল মাহমুদ।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধাদের সাথে জেলা প্রশাসকের আলোচনা সভা

মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসান বলেন, জাতীর জনক বঙ্গবন্ধু তার জীবনে সকল অর্জনের বিনিময়ে এদেশের স্বাধীনতা এনে দিয়েছেন। কিন্তু একাত্তরের পরাজিত শক্তি ও তাদের দোশররা ৭৫ এর

এই দিনে জাতীর জনককে হত্যা করে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মেহেরপুর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে বীর মুক্তিযোদ্ধাদের সাথে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জেলা প্রশাসক মো: শামীম হাসান।

মুক্তিযোদ্ধা আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা আবুল কাসেমসহ অন্যান্যরা।

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসান আরও বলেন, আপনারা জাতির শ্রেষ্ঠ সন্তান। আপনারা যে উদ্যেশ্যে মুক্তিযুদ্ধ করেছেন বঙ্গবন্ধুর সেই স্বপ্ন সফল করতে প্রধান মন্ত্রী শেখ হাসিনা কাজ করছেন। মুক্তিযোদ্ধা ভাতা তিন হাজার থেকে বাড়িয়ে ২০ হাজার টাকা করা হয়েছে। আপনাদের জন্য আলাদা চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। আপনারা বঙ্গবন্ধু ও শেখ হাসিনার জন্য দোয়া করবেন। বঙ্গবন্ধুর আদর্শের সোনা বাংলা গড়তে আপনারা সহযোগীতা করবেন।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন জেলা প্রশাসনের আরডিসি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছা: রনী খাতুন।

দামুড়হুদা বাঘাডাঙ্গা গ্রামের বীর মুক্তিযোদ্ধা আলাউদ্দিনের ইন্তেকাল

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন (৭১) হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি…….রাজিউন)।

বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন বাঘাডাঙ্গা গ্রামের ইব্রাহিম

হালসোনার ছেলে। গতকাল শুক্রবার দুপুর ১ টার দিকে নিজ বাস ভবণে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মৃত্যুকালে স্ত্রী, ১ ছেলে, ১ মেয়ে, নাতী, নাতনী, আত্নীয় স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। গতকালই শুক্রবার বেলা ৫ টা ৪৫ মিনিটের সময় বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিনের নিজ বাড়ি প্রাঙ্গনে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার সজল কুমার দাসের নেতৃত্বে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি অপেরেশন শফিউল আলমসহ পুলিশের একটি চৌকস দল জাতির এই সূর্য সন্তানকে গার্ড অব অনার প্রদান করে নিজ গ্রামের কবরস্থানে দাফন সম্পন করা হয়।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম স্মরণসভা শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুরের প্রান্তিক জনপদ সদর উপজেলার শোলমারি গ্রামে ‘শোলমারি মাধ্যমিক বিদ্যালয়ে’ বীর মুক্তিযোদ্ধা, যমুনা গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান নুরুল ইসলামের তৃতীয় মৃত্যুবার্ষিকীতে স্মরণসভা, দুস্থ শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

যুগান্তর মেহেরপুর প্রতিনিধি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুর রহমান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, ভোরের কাগজ প্রতিনিধি মর্তুজা ফারুখ রূপক প্রমুখ। পরে মিলাদ মাহফুল অনুষ্ঠিত হয়। দোওয়া পরিচালনা করেন- বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তাক আহম্মেদ।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিকের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের খলিসাগাড়ি গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিক(৭৫) ইন্তেকাল করেছেন ইন্না লিল্লাহি ওয়া ইন্না এলাহী রাজিউন।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ টার দিকে বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে চুয়াডাঙ্গা সদর হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিক ২ ছেলে ও ২ মেয়ে সহ অনেক গুনাগ্রাহী রেখে গেছেন।

বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিকের ছেলে রবিউল মাষ্টার জানান, আমার বাবা দীর্ঘ দিন ধরে বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে ঘরে ছিলেন। কিন্তু গতকাল বৃহস্পতিবার দুপুর থেকে বুকের ব্যথা বাড়তে থাকায় সন্ধ্যা ৭ টার দিকে চুয়াডাঙ্গা সদর হসপিটালে ভর্তি করা হয়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসা প্রদান করলেও শরীরের উন্নতি দেখা দিচ্ছিলনা, পরবর্তীতে সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন । বাবাকে হারিয়ে আমার পরিবার ও অত্র এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

শুক্রবার সকাল ৯টার দিকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার এবং রাষ্ট্রীয় মর্যাদায় দাফন কার্য সম্পন্ন করা হয়।

মেহেরপুরের আমদহে বীর

মুক্তিযোদ্ধা আবুল কাশেমের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ বুধবার ভোর সাড়ে চারটার দিকে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮০ বছর। তিনি দুই স্ত্রী, দুই ছেলে, এক মেয়ে, নাতি-নাতকুড়িসহ অসংখ্য গুনাগ্রহী রেখে গেছেন।

বুধবার সকাল ১১ টার সময় আমদহ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে পুলিশের একটি চৌকস দল মরদেহ গার্ড অফ অর্ডার প্রদান করেন। এসময় বিউগলে করুন সুর বেজে উঠে। মেহেরপুরের সহকারী কমিশনার (ভূমি) আব্দুল্লাহ আল বাকী রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।

পরে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়। জানাজা ও দাফন কাজে অন্যদের মধ্যে মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন অবসরপ্রাপ্ত এম এ মালেক, কদম আলী, সিরাজ আলী, মমিন ইসলামসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেন।

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাসের চাবি হস্তান্তর

সারাদেশে ন্যায় কোটচাঁদপুরেও বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাসের চাবি হস্তান্তর করা হচ্ছে। এ উপজেলার ৭ জন বীর মুক্তিযোদ্ধা পেয়েছেন ওই ঘরের চাবি। বুধবার ১৫ ফেব্রুয়ারি সকালে স্থানীয় অফিসার্স ক্লাব থেকে তাদের হাতে এ চাবি তুলে দেয়া হয়।

চাবি হস্তান্তর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, পৌর সভার প্যানেল মেয়র শেখ সোহেল আরমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আব্দুর রশিদ, উপজেলা কৃষি অফিসার মহাসীন আলী প্রমুখ।

শহীদ, প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের স্ত্রী ও সন্তানদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৪ লাখ ১০ হাজার টাকা ব্যয়ে প্রতিটি পাকাঘর নির্মাণের উদ্যোগ নেন ।

এর অংশ হিসেবে কোটচাঁদপুর উপজেলায় ২১টি ঘরের মধ্যে প্রথম পর্যায় ৭ জন বীর মুক্তিযোদ্ধার হাতে ৭টি বীর নিবাসের চাবি তুলে দেয়া হয়।

য়ার মধ্যে রয়েছেন বীর মুক্তিযোদ্ধা আদিলউদ্দিন,আবু বক্কর, সিরাজুল ইসলাম, তাহের উদ্দিন, আব্দুল হালিম,আব্দুর রশিদ, মহি উদ্দিন।

পরে ২১ শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা করা হয়।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

দামুড়হুদায় ইব্রাহীমপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ ইন্তেকাল করেছেন। তাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

সোমবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ইব্রাহিমপুর স্কুল মাঠে গার্ড অব অর্নার প্রদান এর মাধ্যমে

রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ উপজেলার জুড়ানপুর ইউনিয়নের ইব্রাহিমপুর স্কুল পাড়ার মৃত আফসার শেখ এর ছেলে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ। স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ সহ গ্রামবাসী উপস্থিত ছিলেন। বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ ইন্তেকাল করেছেন এমন খবর শুনে দামুড়হুদা উপজেলা প্রশাসন দ্রুত সময়ের মধ্যে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিমের মাধ্যমে গার্ড অব অর্নার প্রদান করেন এবং রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর শেখ এর দাফন কার্য সম্পন্ন করা হয়।

দর্শনার ফুলবাড়িয়ার বীর মুক্তিযোদ্ধা নজিরের ইন্তেকাল

দামুড়হুদার দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের ফুলবাড়ি গ্রামের স্কুলপাড়ার আব্দুল করিমের ছেলে বীরমুক্তিযোদ্ধা নজির আহম্মদ
(৭৫) (স্টোক) করে ইন্তেকাল করছেন। গত মঙ্গলবার রাত ১০ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইন্তেকাল করেছেন (ইন্না— রাজিউন)।

তিনি দীর্ঘদিন বিভিন্ন রোগেও ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ও ২ মেয়ে সহ অসংখ্য আত্মীয়স্বজন রেখে গেছেন। তাঁর মৃত্যুতে দামুড়হুদা উপজেলা আ লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম পৃথক পৃথক শোক প্রকাশ করেছেন।

গতকাল বুধবার (২১ ডিসেম্বর) বেলা ১১ টার সময় দামুড়হুদার ফুলবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের স্কুল মাঠে তাকে গার্ড অফ অনার দেন, দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার সানজিদা বেগম ও সাবেক

চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আবু হোসেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইএম লুতফুল কবীর এবং চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একদল চৌকস পুলিশ সদস্যরা তাকে শেষ শ্রদ্ধা জানান, এসময় উপস্থিত তার সহযোদ্ধারা তাকে শেষ শ্রদ্ধাজানান, মশিউর রহমান, ইকলাস, ফজলুর রহমান, মাহাতাব উদ্দীন, এরশাদ আলী, মতিয়ার রহমান, জামান উদ্দীন ও সিরাজুল ইসলাম প্রমুখ।

এসময় আরো উপস্থিত ছিলেন, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, সাবেক চেয়ারম্যান শাহ ইনামুল করিম ইনু, আজ বেলা সাড়ে ১১টার সময় গ্রামের পারিবারিক কবরস্থানে নামাজের জানাজা শেষে দাফন করে।

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা মফিজুর রহমান স্মরনে দোয়া ও আলোচনা সভা

শহীদ বীর মুক্তিযোদ্ধা মফিজুর রহমানের স্মরনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে কোটচাঁদপুরের সাবদারপুরে এ অনুষ্ঠান করা হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহর সভাপতিত্বতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী,সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার আব্দুল মান্নান,মুক্তিযোদ্ধা কায়দার রহমান ।

এ ছাড়া উপস্থিত ছিলেন স্থানীয় মুক্তিযোদ্ধা ও মুক্তি যোদ্ধা পরিবারের সন্তানরা। এর আগে বীর মুক্তিযোদ্ধা মফিজুর রহমানের কবর জিয়ারত করেন নেতৃবৃন্দরা।